



হরমুজ প্রণালীতে ইরানকে টোল দিলে নিষেধাজ্ঞার হুঁশিয়ারি যুক্তরাষ্ট্রের



সংগৃহীত ছবি

হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচলের নিরাপত্তার বিনিময়ে ইরানকে কোনো ধরনের অর্থ প্রদান করা হলে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর নিষেধাজ্ঞা আরোপ করা হতে পারে—এমন সতর্কবার্তা দিয়েছে যুক্তরাষ্ট্র।

গুরুবাব প্রকাশিত এক প্রতিবেদনে জানানো হয়, মার্কিন ট্রেজারি বিভাগের অধীন বৈদেশিক সম্পদ নিয়ন্ত্রণ দপ্তর (OFAC) এ বিষয়ে একটি নির্দেশনা জারি করেছে। সেখানে বলা হয়েছে, হরমুজ প্রণালীতে নির্বিঘ্নে চলাচলের সুবিধা দেওয়ার বিনিময়ে ইরান বিভিন্ন উপায়ে অর্থ দাবি করতে পারে।

এই অর্থপ্রদান সরাসরি নগদ লেনদেন ছাড়াও ডিজিটাল সম্পদ, পণ্য বিনিময় কিংবা অনুদানের আকারে হতে পারে। এমনকি ইরানের কিছু মানবিক বা দাতব্য প্রতিষ্ঠানে অনুদান দেওয়ার মাধ্যমেও এ ধরনের অর্থ লেনদেন সম্পন্ন হতে পারে বলে উল্লেখ করা হয়েছে।

ওএফএসি আরও জানায়, নিরাপত্তা নিশ্চয়তার জন্য অর্থ দেওয়া বা সে ধরনের কোনো সমঝোতায় জড়ানো—উভয় ক্ষেত্রেই মার্কিন এবং অ-মার্কিন ব্যক্তি ও প্রতিষ্ঠানের জন্য নিষেধাজ্ঞার ঝুঁকি তৈরি হবে। যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে স্পষ্ট করে বলা হয়েছে, অর্থপ্রদানের ধরন যাই হোক না কেন, এই ঝুঁকি বহাল থাকবে।